

যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৯০

১/ বিবিধ

আরবী

ما حدثتم عنِي مما تعرفونه فخذوه، وما حدثتم عنِي مما تنكرؤنَّه، فلا تأخذوا به، فإنِّي
لا أقول المنكر، ولست من أهله
ضعيف جداً

أخرجه الخطيب في "الكافية" (430) عن سليم أبي مسلم المكي وهو ابن مسلم عن
يونس بن يزيد عن الزهري عن محمد بن جبير بن مطعم عن أبيه قال: قال رسول الله
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ذَكْرُه
قلت: وهذا سند ضعيف جداً، آفته سليم المكي وهو الخشاب، قال ابن معين
جهني خبيث
وقال النسائي: متروك الحديث
وقال أحمد: لا يساوي حديثه شيئاً

বাংলা

১০৯০। যা কিছু তোমাদেরকে আমার উদ্ধৃতিতে হাদিস হিসেবে বর্ণনা করা হবে, যাকে তোমরা ভাল বলে জান,
তাকে তোমরা গ্রহণ কর। আর আমার উদ্ধৃতিতে যা কিছু তোমাদেরকে হাদিস হিসেবে বর্ণনা করা হবে যাকে
তোমরা অপছন্দ কর, তাকে তোমরা গ্রহণ করবে না। কারণ আমি অপছন্দনীয় কিছু বলি না এবং আমি তা বলার
উপযুক্তও নই।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি আল-খাতীব "আলকিফায়াহ" গ্রন্থে (৪৩০) সুলায়েম আবু মুসলিম আল-মাক্কী ইবনু মুসলিম হতে, তিনি ইউনুস

ইবনু ইয়াযীদ হতে, তিনি যুহরী হতে, তিনি মুহাম্মাদ ইবনু জুবায়ের ইবনে মুত'উম হতে, তিনি তার পিতা হতে তিনি বলেনঃ রসূল সান্নান্নান্ন আলাইহি ওয়াসান্নাম বলেছেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। এর সমস্যা হচ্ছে সুলায়েম আল-মাক্কী তিনি হচ্ছেন খাশশাব।
ইবনু মাট্টেন বলেনঃ তিনি জাহমী মতাবলম্বী খাবীস। নাসাই বলেনঃ তিনি মাতরকুল হাদীস। ইমাম আহমাদ
বলেনঃ তার হাদীস কিছুরই সমতুল্য নয়।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71969>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন